

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
Email-dwa.vgd@gmail.com

নং-৩২.০১.০০০০.০০৮.০২.১৬১.১৬১০৪৪

তারিখঃ ২২/১০/২০২০ খ্রিঃ

বিষয়: চলমান ভিজিডি (২০১৯-২০২০) চক্রে কর্মরত এনজিও'র কার্যক্রম মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভিজিডি কর্মসূচির আওতায় চলতি ভিজিডি চক্রে (২০১৯-২০২০) এর মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০২০ খ্রিঃ তারিখে সমাপ্ত হবে এবং ১ জানুয়ারী ২০২১ হতে নতুন চক্রে শুরু হবে। একই সাথে ভিজিডি ২০২১-২০২২ চক্রে এনজিও নির্বাচন কার্যক্রমও শুরু হবে সে লক্ষ্যে চলমান ভিজিডি চক্রে আপনার জেলাধীন সকল উপজেলায় কর্মরত এনজিও'দের প্রশিক্ষণ প্রদান, জেলা/উপজেলার সাথে সার্বিক সমন্বয়ের বিষয়ে এবং তাদের কাজের মান সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রয়োজন। আপনার জেলাধীন সকল উপজেলার এনজিও কার্যক্রম মূল্যায়নপূর্বক নিম্নোক্ত ছক মোতাবেক তথ্যাদি জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


ক্রঃনং	জেলার নাম	উপজেলার নাম	এনজিও'র নাম	কার্যক্রম মূল্যায়নের বিষয়	মন্তব্য
				ক) নির্ধারিত সময়ে প্রশিক্ষণ পরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করেছে কি না?	
				খ) ভিজিডি মহিলাদের নিজস্ব একাউন্টে সঞ্চয়ের অর্থ জমা প্রদানে সার্বিক সহযোগিতা করা হয়েছে কিনা?	
				গ) সঞ্চয়ের অর্থ হস্তমজুদ আছে কি না?	
				ঘ) ভিজিডি কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অন্যান্য যে কোন ধরনের অনিয়মের অভিযোগ ও নেতিবাচক পারফরমেন্স আছে কি না?	

উপপরিচালক (সকল জেলা)
মহিলা বিষয়ক অধিদপ্তর
(.....জেলা।

বিষয়টি সকল উপজেলা মহিলা বিষয়ক
কর্মকর্তাকে অবহিতকরণের অনুরোধসহ
.....

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। জেলা প্রশাসক.....।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার.....।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। অফিস কপি।


২২/১০/২০২০
(শারমিন শাহীন)
উপপরিচালক (ভিজিডি)
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
☎ ৯৩৩১২৭৭